দৈনিক বাংলা

তারিখ ... 02 OCT 1990
পৃষ্ঠা ৭ কলাম ৩

# দক্ষিণাঞ্চলে ৫ কোটি টাকা ব্যয়ে শতাধিক প্রাইমারী স্কুলের উন্নয়ন হচ্ছে

।। নিজস্ব সংবাদদাতা ।।

ঝালকাঠি, ৩০শে সেপ্টেম্বর।—৫ কোটি ৩০ লাখ টাকা ব্যয়ে দক্ষিণাঞ্চলের বৃহত্তর বরিশাল ও পটুয়াখালীর ৬টি জেলার ১২৬টি সরকারী প্রাইমারী স্কুল উন্নয়নের একটি প্রকল্প হাতে নেয়া হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হওয়ার পর ৩০ হাজার শিশু উন্নত পরিবেশে শিক্ষা লাভের সুযোগ পাবে।

গ্রামাঞ্চলের প্রাথমিক শিক্ষা ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের ফ্যাসিলিটিস বিভাগ এই প্রকল্পটি বাস্তবায়ন করবে। ইসলামিক উন্নয়ন ব্যাংক (আইডিবি) এজন্য আর্থিক সহায়তা প্রদান করেছে।

বরিশালের ৩৫টি, ঝালকাঠির ১৩টি, পিরোজপুরের ২৩টি, ভোলার ২৪টি, বরগুনার ১৪টি এবং পটুয়াখালীর ১৮টি স্কুল এই প্রকল্পের আওতায় নেয়া হয়েছে। এসব স্কুলে আধাপাকা নতুন ক্লাস রুম ও পাকা লেট্রিন নির্মাণ এবং ১টি করে অগভীর নলকূপ স্থাপন করা হবে। প্রতিটি স্কুল উন্নয়নে খরচ হবে ৪ লাখ ২০ হাজার টাকা।

চলতি বছরের অক্টোবর মাসে এই প্রকল্পের কাজ শুরু হবে এবং ৪ মাসের মধ্যে তা বাস্তবায়িত হবে বলে আশা করা হচ্ছে।

প্রকল্পটি বাস্তবায়িত হলে দক্ষিণাঞ্চলের প্রায় ৩০ হাজার শিশুর উন্নত পরিবেশে লেখাপড়া করার সুযোগ সৃষ্টি হবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।